

**ঢাকা বিশ্ববিদ্যালয়**  
**ফাও খাওয়া নিয়ে ছাত্রলীগের**  
**দুই গ্রুপের সংঘর্ষ**  
**□ সাতজনকে বহিষ্কার ॥ দুজন অবাঞ্ছিত**

(বিশ্ববিদ্যালয় সংবাদদাতা)  
ফাও খাওয়া নিয়ে সোমবার ঢাকা বিশ্ববিদ্যালয় ক্যাম্পাসে ছাত্রলীগের দুই গ্রুপের মধ্যে ধাওয়া-পাল্টা ধাওয়া ও সংঘর্ষে চাপাতি ও হকিস্টিকের আঘাতে তিনজন আহত হয়েছে। বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষ তাত্ক্ষণিকভাবে ৭ জনকে সাময়িক বহিষ্কার এবং ২জনকে ক্যাম্পাস এলাকায় অবাঞ্ছিত ঘোষণা করেছে। দুই গ্রুপের মধ্যে উত্তেজনা অব্যাহত রয়েছে। যেকোন সময় সংঘর্ষের আশঙ্কা করা হচ্ছে।

হকিস্টিক নিয়ে ধাওয়া-পাল্টা ধাওয়া ও সংঘর্ষ শুরু হয়। সংঘর্ষে মার্কেটিং ১ম বর্ষের ছাত্র মোঃ শরিফুল ইসলাম সাগর চাপাতি ও হকিস্টিকের আঘাতে মারাত্মক আহত হয়। তাকে ঢাকা মেডিক্যাল কলেজ হাসপাতালে ভর্তি করা হয়েছে। আহত অন্য ২জন হচ্ছে ফিরোজ ও মনির। এ ঘটনার পর উপাচার্য অধ্যাপক ডঃ এ কে আজাদ চৌধুরী তাত্ক্ষণিকভাবে ৭ জনকে সাময়িক বহিষ্কার ও ২ জনকে ক্যাম্পাসে অবাঞ্ছিত ঘোষণা দেন।

দুপুরে জিয়া হল শাখা ছাত্রলীগের সাংগঠনিক সম্পাদক রিজভী কয়েকজন বহিরাগত নিয়ে প্রতিদিনের মত ফাও খায়। হল সভাপতি মনির রিজভীকে ফাও খেতে নিষেধ করলে রিজভী মনিরের বুকে কাটা রাইফেল ঠেকায়। এ ঘটনার পর মনিরের সহযোগীরা রিজভীকে হল থেকে বের করে দেয়। কিন্তু এর কিছুক্ষণ করে রিজভী বাগেরহাট গ্রুপ ও মহসিন হলের ক্যাডারদের নিয়ে জিয়া হল দখলের চেষ্টা চালায়। অন্যদিকে জিয়া হলে অবস্থানরত মনির ও তার সহযোগীরা বাধা দেয়। এর পর্যায়ে দুই গ্রুপের মধ্যে চাপাতি ও